আমি ও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়সাল্লাম একই পাত্রের পানি দিয়ে এভাবে গোসল করতাম যে, তাতে আমাদের দু’জনের হাত একের পর এক পড়তে থাকতো।

‘আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত, “আমি ও নবী সাল্লাল্লাহু
আলাইহি ওয়াসাল্লাম একই পাত্রের পানি দিয়ে এভাবে গোসল করতাম যে, তাতে আমাদের দু’জনের হাত একের পর এক পড়তে থাকতো।” অন্য বর্ণনায় “মিলিত হয়।”
[সহীহ] [ইবন হিব্বান এটি বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আমাদের মাতা আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা বর্ণনা করেন যে, বড় নাপাকী দূর করার জন্য একই পাত্রের পানিতে তিনি রাসূলুল্লাহর সাথে একত্রে গোসল করতেন। সেই একত্রে গোসল করার ধরণ তার কথা থেকে অনুমিত হয়, তিনি বলেন, “তাতে আমাদের দু’জনের হাত একের পর এক পড়তে থাকতো” অর্থাৎ পানি নেওয়ার জন্য পাত্রে একবার আমি হাত দিতাম আরেকবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাত দিতেন। যেমনটি সহীহ বুখারীতে আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি ও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একই পাত্রের পানি দিয়ে এভাবে গোসল করতাম যে, একই পাত্র থেকে আমরা উভয়েই পানি তুলতাম।” আর ইবন হিব্বানের দ্বিতীয় বর্ণনায় একত্রে গোসল করার ধরণটা আরেকটু বেশি করেই বলা হয়েছে, যেমন আয়েশার বাণী: “মিলিত হয়” অর্থাৎ এক হাত অপর হাতের সাথে মিশে যেত যখন পাত্র থেকে পানি নেওয়া হতো। আর এ বর্ণনার ভিত্তিতে বলা হয় যে, কোনো কোনো কোশে হাত আগ-পিছ হত, আবার কোনো কোনো কোশে হাত একত্র হত।

http://sunnah.global/hadeeth/bn/show/10028